দৈনিক সংবাদ

FEB. 08 2002

### এম মনসুর আলী কলেজে হামলা

# পাবনায় বিএনপি ক্যাডারদের হাতে অধ্যক্ষসহ ৬ শিক্ষক প্রহৃত

পাবনা থেকে নিজস্ব বার্তা পরিবেশক ঃ গতকাল বৃহস্পতিবার পাবনা শহীদ এম. মনসুর আলী কলেজের অধ্যক্ষসহ ৬ শিক্ষক বিএনপির ক্যাডারদের হাতে প্রহৃত হয়েছেন। মারাত্মক আহত অধ্যক্ষ আবদুল মান্নান খানকে পাবনা জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনার প্রতিবাদে কলেজের ছাত্রছাত্রী ও শিক্ষকরা শহরে বিক্ষোভ মিছিল করে। এ সময় তারা যানবাহন ও দোকানপাট ভাঙচুর করে।

দুপুর পৌনে ১২টার দিকে প্রায় ৫০ জন সন্ত্রাসী মোটর সাইকেল ও রিকশাযোগে কলেজে প্রবেশ করে। তারা এলোপাতাড়ি ফাকা গুলিবর্ষণ করে ত্রাস সৃষ্টি করে। ছাত্রছাত্রীরা এ সময় দিকবিদিক ছোটাছুটি শুরু করে। এ সময় শিক্ষকদের মিটিং চলছিল। সশস্ত্র সন্ত্রাসী দল শিক্ষকদের মারপিট করে ঘর থেকে বের করে দেয়। এ সময় অধ্যক্ষ আবদুল মান্নান তার বৈধ পিস্তল দিয়ে আত্মরক্ষার্থে এক রাউন্ড ফাঁকা গুলি করেন। গুলি করার পর সন্ত্রাসীরা তার পিস্তলটি ছিনিয়ে নিয়ে যায়। তারা অধ্যক্ষকে মাথায় এবং ঘাড়ে ধারালো অস্ত্র দিয়ে আঘাত করে। রক্তাক্ত অবস্থায় তাকে পাবনা জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়।

ঘটনার পরপরই শহীদ মনসুর আলী কলেজের ছাত্রছাত্রীরা শহরে বিক্ষোভ মিছিল করে। তারা জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি প্রদান করে। ইন্দারা মোড়ে ট্রাফিক পয়েন্টে ছাত্ররা পথসভা করে। এ সময় বিক্ষুব্ধ ছাত্রছাত্রীরা যানবাহন ও দোকানপাট ভাঙচুর করে। অধ্যক্ষ আবদুল মান্নান জানান, বিএনপির একদল সন্ত্রাসী সাবেক পৌর কমিশনার ফিরোজের নেতৃত্বে এ হামলা চালায়। তারা অবৈধভাবে শিক্ষক নিয়োগের জন্য দাবি জানায়। উল্লেখ্য, সম্প্রতি শিক্ষক নিয়োগের ইন্টারভিউ হয়েছে।

এ হামলার তীব্র নিন্দা জানিয়ে বিচার দাবি করেছেন, জেলা কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ মাহাতাব উদ্দিন বিশ্বাস। এছাড়াও নিন্দা জানিয়েছেন, আওয়ামী লীগের সহ-সভাপতি, সাইদুল হক চুন্নু ও সাধারণ সম্পাদক রেজাউল রহিম লাল। এ ঘটনার প্রতিবাদে বিকেলে আওয়ামী লীগ শহরে বিক্ষোভ মিছিল করে।